



তালা (সাতক্ষীরা) : চারিদিকে পানি বেষ্টিত গোনালী সরকারি প্রাথমিক বিদ্যালয়

—ইত্তেফাক

## তালায় জলাবদ্ধতার কবলে অর্ধশতাব্দিক স্কুল ধানের চাতাল ও বসতবাড়িতে পাঠদান

■ গাজী আহম্মদুর রহমান, তালা (সাতক্ষীরা) সংবাদদাতা

তালায় অর্ধ শতাব্দিক স্কুল জলাবদ্ধতার কবলে। তাই বাধ্য হয়ে খোলা আকাশের নিচে ও আশে পাশের বসতবাড়িতে পাঠ দান চলেছে। গত ৪ মাস ধরে চলেছে জলাবদ্ধ কারণে এভাবে ক্লাস চলেছে। এতে শিক্ষার্থীরা অন্যান্যস্থানের চেয়ে পিছিয়ে পড়ছে। এ কারণে কিছু অভিভাবক তাদের সন্তানের ভবিষ্যতের কথা ভেবে ছেলে-মেয়েদের অন্যত্র নিয়ে যাচ্ছে।

সরেজমিন তালা উপজেলার গঙ্গারামপুর, গোনালী, হরিচন্দ্রকাটি, কানাইদিয়া, খরাইল এলাকায় গিয়ে দেখা গেছে, বসতভিটার পাশাপাশি কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠান এখনও পর্যন্ত পানিতে তলিয়ে আছে। গঙ্গারামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণিকক্ষের মধ্যে পানি, তাই পার্শ্ববর্তী একটি ধানের চাতালে চলে পাঠদান।

স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা প্রতিভা রানী ঘোষ জানান, স্কুল মাঠে প্যাট্রো মেশিন বসিয়ে পানি নিষ্কাশনের চেষ্টা চলছে। বর্তমানে ৯৫ জন ছাত্র-ছাত্রীর বিপরীতে ৩ জন শিক্ষিকা রয়েছেন। তবে বছরের পর বছর জলাবদ্ধ থাকায় শিক্ষার্থীর সংখ্যা হ্রাস পাচ্ছে। এলাকার সচেতন অভিভাবকরা তাদের সন্তানের ভবিষ্যতের কথা ভেবে ছেলে-মেয়েদের অন্যত্র নিয়ে যাচ্ছে বলে জানান এক শিক্ষিকা।



চারিদিকে পানি থাকায় তালায় গোনালী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা বসত বাড়ির উঠানে ক্লাস করছে

—ইত্তেফাক

সরেজমিনে গিয়ে দেখা যায়, উপজেলার গোনালী সরকারি বিদ্যালয়টি পানি বেষ্টিত একটি বীপের মত দাঁড়িয়ে আছে। ৫ জন শিক্ষক বিদ্যালয়ে শিশু শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত ১১৮ জন ছাত্র-ছাত্রী নিয়ে পার্শ্ববর্তী একটি বসতবাড়িতে চলে পাঠদান। এমন অবস্থায় প্রতি বছরের ৫/৬ মাস যাবৎ চলে পাঠদান কার্যক্রম। প্রধান শিক্ষিকা লতিফা খানম জানান, সুপেয়

পানিসহ স্যানিটেশনের ক্ষেত্রে মারাত্মক সংকট চলে আসছে এক মাস। তালা টেকনিক্যাল কলেজ কক্ষে এখনও পানি। তালা উপজেলা সদরের একটি ভাড়া ভবনে চলেছে ক্লাস।

শিক্ষা অফিসের হিসাব মতে এ বছর কপাতাক্ষের উপচে পড়া পানিতে তালা উপজেলার ৫০টি প্রাথমিক বিদ্যালয়, ১১টি মাধ্যমিক বিদ্যালয় এবং ৩টি কলেজ জলাবদ্ধতা হওয়ায় স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে।

তালা উপজেলা শিক্ষা কর্মকর্তা মোঃ ওহিদুল ইসলাম জানান, উপজেলা বেশ কিছু প্রাথমিক বিদ্যালয় জলাবদ্ধতার

সময়ে অন্যত্র ক্লাস নেওয়ার ব্যবস্থা করেছে।